

ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই) ও গাউন পরিধানের ধাপসমূহ

১. ব্যক্তিগত ব্যবহারের জিনিস যেমন ঘড়ি, কলম, মোবাইল ফোন, কানের রিং, গলার চেইন, আংটিসহ অলঙ্কার ইত্যাদি খুলে রাখুন।



২. চেঞ্জিং রুমে **স্ক্রাব স্যুট (scrub suit)** ও রাবারের **বুট** পরুন।




৩. পিপিই পরিধানের নির্ধারিত কক্ষে যান।


৪. নিজের সাইজ অনুসারে সঠিক মাপের পিপিই সেট বাছাই ও গুণগতমান পরখ করে নিন।

৫. একজন প্রশিক্ষণপ্রাপ্ত পর্যবেক্ষকের (সহকর্মী) নির্দেশনা ও তত্ত্বাবধানে পিপিই পরিধান করুন।

৬. হাত ধোয়ার স্বাস্থ্য বিধি (hand hygiene) পালন করুন



৭. দুই হাতে **গ্লভস্** পরুন। (নাইট্রাইল-**nitrile** গ্লভস্)



৮. একবার ব্যবহার উপযোগী **গাউন** পরিধান করুন।

এই গাউন এমন কাপড়ের তৈরি হতে হবে যা রক্ত, শরীর থেকে নিসৃত রস বা রক্ত বাহিত জীবাণু নিরোধী হিসেবে পরীক্ষিত।



৯. মুখের **মাস্ক** পরিধান করুন।



১০. মুখের বন্ধনী (face shield) অথবা **গগলজ্ (goggles)** পরিধান করুন।




১১. মাথা ও ঘাড়ের **আচ্ছাদন (surgical bonnet)** পরিধান করুন যা ঘাড় ও মাথার দুইপাশ ঢেকে দেয় (মুখবন্ধনীর সাথে) অথবা **হুড (hood)** ব্যবহার করুন।



১২. পানি নিরোধী একবার ব্যবহারযোগ্য **এ্যপ্রোন** পরিধান করুন। (যদি পাওয়া না যায় সে ক্ষেত্রে হেভিডিউটি পুনঃব্যবহারযোগ্য পানি নিরোধী এ্যপ্রোন ব্যবহার করুন)



১৩. হাতের কজি পর্যন্ত দ্বিতীয় জোড়া **গ্লভস্** (লম্বা হবে) পরুন।



১৪. যদি বুট না থাকে তাহলে বন্ধ জুতা পানি নিরোধী সুকাভারসহ পরিধান করুন (জুতাটি যেন পায়ের গোড়ালি পর্যন্ত সম্পূর্ণ ঢেকে যায়)।